# উপজেলা পরিষদ

## বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩৭তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ১৯ মে ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের এপ্রিল/২০২২ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার স্বাস্থ্য কমপ্লেক্সে সপ্তাহে ০২ (দুই) দিন রবিবার ও বুধবার সিজারিয়ান অপারেশন করা হয়। এপ্রিল/২২ মাসে তার কার্যালয়ে মোট ০৩টি সিজারিয়ান করা হয়েছে। তিনি আরো জানান যে, তার স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের রাস্তাটি সামান্য বৃষ্টি হলেই পানিতে তলিয়ে যায়। উক্ত রাস্তাটি সংস্কার করে উঁচু করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন। | বাজিতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিজারিয়ান চালু হওয়া বিষয়টি প্রশংসাযোগ্য। তবে নরমাল ডেলিভারির বিষয়টি প্রাধান্য দিয়ে শুধুমাত্র জটিল ক্ষেত্রে সিজারিয়ানের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ০২ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ২৩-২৯ এপ্রিল পর্যন্ত জাতীয় পুষ্টি সপ্তাহ/২২ পালন উপলক্ষে সঠিক পুষ্টিতে সুস্থ জীবনযাপন কিভাবে করা যায়; সে সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের নিমিত্ত জাতীয় পুষ্টি সপ্তাহ/২২ এর লিফলেট বিতরণ করা হয়েছে। তাছাড়া বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন প্রয়োগ করা হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপালের প্রচেষ্টায় সংক্রামক রোগের বিস্তার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটিরিনারি হাসপাতাল কর্তৃক স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম, ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, কৃত্রিম প্রজনন ও প্রাণিসম্পদ সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান রয়েছে। প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে তার দপ্তর কর্তৃক পরিচালিত প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে বলে তিনি সভায় জানান। তিনি আরো জানান, ওনওটিপি প্রকল্পের খামারী প্রশিক্ষণ কর্মসূচী চলমান রয়েছে। ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম পরিচালনা করা হচ্ছে। | ১। গবাদি পশুসহ অন্যান্য প্রাণিদের সংক্রামক রোগের বিস্তার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ভেটেরিনারি হাসপাতালের চিকিৎসা সেবাসহ অন্যান্য সকল সেবামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর |
| ০৩ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিসদ উন্নয়ন তহবিল এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করা হবে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর চতুর্থ কিস্তিতে প্রাপ্ত বরাদ্ধ হতে কিছু প্রকল্প পরিশিষ্ট 'খ' তে উপস্থাপন হয়েছে।<br>২০২১-২০২২ অর্থবছরে গৃহীত কিছু প্রকল্পের রিভাইচ/রেস্ট অনুমোদনের জন্য পরিশিষ্ট 'খ' তে প্রকল্প তালিকা সংযুক্ত। | চলমান প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে সম্পন্ন করতে হবে। ' | উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলা মৎস্য অফিস কর্তৃক ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের আওতায় ০৬টি প্রদশর্নী বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হচ্ছে মর্মে তিনি সভায় জানান। | | |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া : ৩৭ মে.টন, টিএসপি: ২৫ মে.টন, এমওপি: ২৭ মে.টন, ডিএপি: ৫০ মে.টন। রবি/২০২১-২২ মৌসুমে বোরোসহ অন্যান্য সকল ফসল কর্তন সম্পন্ন হয়েছে। মাঠ ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করছেন। চলতি খরিফ-১/২০২১-২২ মৌসুমে ১৪০০জন কৃষকের মাঝে আউশ প্রণোদনার সার ও বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | মাঠে ফসলের রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা/২০২২ উদযাপনে চলতি বছর এ উপজেলার ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। অংশ না নেয়া অবশিষ্ট ১২টি শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। এ প্রতিযোগিতায় ০৩টি গ্রুপে এবং ০৪টি বিষয়ে ১২জন মেধাবী শিক্ষার্থী নির্বাচন করে জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, জাতীয় শিক্ষা সপ্তাহ/২২ উদযাপন উপলক্ষে বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতা প্রতিষ্ঠান পর্যায়ে ১১ হতে ২২ মে/২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা ১৮ হতে ১৯ মে/২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় কমরআলী খান উচ্চ বিদ্যালয় ও বাহেরবালী এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয় ব্যতীত সকল শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে।<br>এছাড়াও তিনি জানান, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে চলতি মাসের ৩১ তারিখের মধ্যে এনটিআরসিএ এর ওয়েবসাইটে প্রবেশ করে ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং ই-রেজিস্ট্রেশনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী ০১ জুন ২০২২ তারিখের পর এন্ট্রি লেভেল শিক্ষক নিয়োগের জন্য চাহিদাপত্র প্রেরণ করতে পারবে। এছাড়া তার দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে মর্মে সভায় জানান। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল অনুষ্ঠানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অংশগ্রহণ করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক নিয়োগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক বাস্তাবয়ন করতে হবে।<br>৩। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এপ্রিল/২২খ্রি. মাসের কার্যক্রম উপস্থাপন করেন-স্থায়ী পদ্ধতি ঃ মহিলা-১২জন, পুরুষ-০। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যানন-০৮জন, আইইউডি-০২জন, অস্থায়ী পদ্ধতি (বিতরণ): খাবার বড়ি ২০৯৭৯ জন, কনডম: ৩৬৪৭ জন, ইনজেকশন: ৪২৬৭জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারীর সংখ্যা ৩৪টি। সি.এ.বি.এ/পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা ১৫টি। এছাড়া গর্ভবর্তী, প্রসূতি সেবা, কিশোর-কিশোরী, ০-৫ বছরের শিশু সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,<br>বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা প্রতিবন্ধী জরিপের বাইরে কেউ থাকলে তা উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি কোন ভাতাভোগী মারা গেলে নমিনীর টাকার জন্য উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান, মৃত্যুর ৪০ দিনের মধ্যে তার দপ্তরে ভাতাভোগীর মৃত্যুর সনদ জমা দেয়া বাঞ্চনীয়। তিনি বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার জন্য অপেক্ষমান তালিকা ইউনিয়ন পরিষদ থেকে পাঠানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | কেউ যেন জরিপের আওতার বাইরে না থাকে সে দিকে উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দকে লক্ষ্য রাখতে হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বাজিতপুর। |

<table>
<tr><td>০৯</td><td>উপজেলা খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজিতপুর উপজেলার জন্য বোরো/২০২২ মৌসুমে ১৭২১ মে.টন ধান, ৩২৭৮ মে.টন চাল ও ৩৩ মে.টন গম সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আগামী ৩১ আগষ্ট পর্যন্ত অ্যাপের মাধ্যমে নিবন্ধিত কৃষকের নিকট থেকে সরাসরি ধান ক্রয় কার্যক্রম চলবে। এছাড়াও খাদ্যবান্ধব কর্মসূচী চলতি মার্চ/২২ মাসে নতুন ৭৫৫জন উপকারভোগীর নাম অর্ন্তভুক্ত করে সর্বমোট ৪২১৬ কার্ডধারীর মাঝে চাল বিতরণ করা হয়েছে। চাল ও আটার বাজার দর সহনীয় পর্যায়ে রাখার নিমিত্ত বাজিতপুর পৌরসভার তিনটি পয়েন্টে বিশেষ ওএমএস কার্যক্রম পরিচালিত হচ্ছে।</td><td>খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সুষ্ঠুভাবে খাদ্য বিতরণ নিশ্চিত করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান চাল সংগ্রহ শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। ধান চাল সংগ্রহের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসিক সভায় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর, কিশোরগঞ্জ।</td></tr>
<tr><td>১০</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাহ্য)</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর সভায় জানান যে, পানি সরবরাহ ও আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাজিতপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান সকল সরকারি ও বেসরকারি নলকূপসমূহের পানির আর্সেনিক পরীক্ষার নিমিত্ত জরিপ কার্যক্রম পরিচালিত হবে। জরিপ কাজে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত জনবলকে সহায়তার জন্য 'নলকুপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক' হিসেবে প্রতিটি ইউনিয়নে দুই সদস্য বিশিষ্ট ৩টি দল অর্থাৎ মোট ৬ (ছয়) জন করে (ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে) উক্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে হবে। উক্ত জরিপ কার্যক্রম সম্পাদনের নিমিত্তে 'নলকুপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক' নির্বাচনের লক্ষ্যে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।</td><td>বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান সকল সরকারি ও বেসরকারি নলকূপ সমূহের পানির আর্সেনিক পরীক্ষার নিমিত্ত জরিপ কার্যক্রমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত জনবলকে সহায়তার জন্য 'নলকুপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক' পদে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জনবল নিয়োগ ও উক্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিস্ট সকলকে সহায়তা প্রদান করতে হবে।</td><td>১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০২০-২০২১ বর্ষের ১০৭টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে এপ্রিল/২২ মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০৭টি সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ অর্থবছরের ৩৬টি সমবায় সমিতির পরিদর্শন লক্ষমাত্রা অনুযায়ী ২৯টি সমবায় সমিতি পরিদর্শন সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ ইং সনের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১,৪০০/- টাকা, ভ্যাট ২২১/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৪১৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ২৫টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৪৯,১৫০/- টাকা, ভ্যাট ৭,৩৭৯/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৪,৮৫৪/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। ইতোমধ্যে ০৩টি প্রশিক্ষণের মাধ্যমে ৭৫জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে।</td><td>বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিতম হচ্ছে। তিনি তার কার্যক্রমে অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৪০১৪২৯</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মূল ঋণ বিতরণ</td><td>৩৫৪০৬০০০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২৯২০৯৩২২</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>আদায়ের হার</td><td>৯১%</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট খেলাপী ঋণ</td><td>২০০৪৪২৩/-</td><td>খেলাপী আদায়- ৩৬২৫৭/-</td></tr>
<tr><td>০৭</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৯৮৫জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৮ | চলমান উপকারভোগীর সংখ্যা | ২৯৮জন | |
| ০৯ | মোট ঋণ সংখ্যা | ১৪৭৪জন | |
| ১০ | মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৬৯২জন | |
| ১১ | মোট আত্মকর্মী সংখ্যা | ৪৫৭১জন | |
| ১২ | অনুমোদিত জনবল | ০৭জন | |
| ১৩ | বিদ্যমান জনবল | ০৫জন | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার ব্যাংকে মোট সমিতি সংখ্যা-৩২৪টি, মোট উপকারভোগীর সংখ্যা-১৪৩৬৩ জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ৫৯৯.৫৭ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৪১৩১.৫৮ লক্ষ টাকা, ঋণ আদায় ২৪১৩.৯৫ লক্ষ টাকা, আদায়ের হার ৬৭%, মাঠে পাওনা ঋণ ১৯৮১.৮৬ লক্ষ টাকা, খেলাপী ঋণ ৯৭৩.০৪ লক্ষ টাকা। খেলাপী ঋণের হার ৬০%। তাছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে জানান। তিনি আরো উল্লেখ্য করেন, আদায় বৃদ্ধির জন্য ক্র্যাশ প্রোগ্রাম চলমান রয়েছে। তবে ঋণ আদায় কার্যক্রম ফলপ্রসূ হওয়ার জন্য উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ এবং প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন। | ১। ঋণ আদায়ে মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধি করতে হবে।<br>২। ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদান করতে হবে। | ১। শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর। |
| ১৪ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলায় ১১টি ইউনিয়নের ৯৯টি ভোট কেন্দ্রের আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত পিসি, এপিসি, আনসার ও ভিডিপি সদস্যসহ সর্বমোট প্রায় ১৬৮৩ জনের মধ্যে নির্বাচনী ভাতাদি গত ২৭/০৮/২০২২ তারিখে কিশোরগঞ্জ জেলা আনসার ও ভিডিপি কার্যালয় কর্তৃক নিয়োজিত প্রতিনিধি দলের উপস্থিতিতে সুষ্ঠ ও সুন্দরভাবে বিতরণ করা হয়েছে। তাছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাভে পরিচালিত হচ্ছে বলে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাজিতপুর। |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের এপ্রিল/২২ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানানা, মহিলাদের জন্য (আইজিএ প্রকল্পের) আয়বর্ধক প্রশিক্ষণের ১৪-১৫ তম ব্যাচের চূড়ান্ত বাছাই সম্পন্ন হয়েছে এবং ক্লাশ চলমান।<br>দরিদ্র মা'র জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা পাচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলের ভাতাভোগীদের নিজস্ব হিসাব নম্বরে টাকা পাচ্ছে।<br>বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয়ভাবে ০২টি মামলা পাওয়া যায়। এছাড়াও এপ্রিল/২২ মাসে কোন বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি।<br>বাজিতপুর উপজেলার মোট ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাস করানো হয়। বর্তমানে সামাজিক দূরত্ব বজায় রেখে ক্লাস নেওয়া হচ্ছে। | ১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।<br>২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে।<br>৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলার বিভিন্ন প্রকল্পে ১০,৫০,০০০/- (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে বকেয়ার পরিমাণ ১,২২,২০,০০০/- (এক কোটি বাইশ লক্ষ বিশ হাজার) টাকা। বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে ২০০,০০০/- (দুই লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে সদস্যদের বিভিন্ন আইজিএ ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>সরকারি ঋণ আদায়ে দায়েরকৃত ২৪টি সার্টিফিকেট মামলার মধ্যে ০১টি মামলা নিপত্তি হয়েছে। বর্তমানে মামলার সংখ্যা ২৩টি। সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঋণ আদায়ে তিনি উপজেলা নির্বাহী | ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে। তাছাড়া সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে মামলার নির্ধারিত তারিখে খাতকের উপস্থিতি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে পরিচালিত হচ্ছে মর্মে সভায় জানান। | | |
| ১৭ | বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ সভায় জানান যে, বাজিতপুর উপজেলার বিভিন্ন সংযোগ সড়কে ২০২১-২১ অর্থবছরে ৫ কি.মি. বন বাগান সৃজিত হয়েছে। আগামী অর্থ বছরে ২.০০ কি.মি. বন বাগান সৃজনের প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলায় মোট ২৮টি করাত কল আছে। তন্মধ্যে লাইসেন্স প্রাপ্ত করাত কলের সংখ্যা ০৫টি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, বাজিতপুর। |

পরিশেষে সভাপতি বলেন যে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ জনগণের ভোটে নির্বাচিত। ফলে জনগণের নিকট তাদের দায়বদ্ধতা রয়েছে। তাই বিভিন্ন দপ্তরের ইউনিয়নভিত্তিক বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে পরিচালনা করা হলে সরকারের মূল উদ্দেশ্য বাস্তবায়ন করা সম্ভব হবে। তাই তিনি সকল দপ্তর প্রধানগণকে তাদের ইউনিয়নভিত্তিক সকল কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে সমন্বয় রাখার জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-

তারিখঃ ১৯.০৫.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা ................................ কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....................................................................

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ।